



আগামী বছর বিদ্যুৎ বিক্রির জায়গা পাওয়া যাবে না: চিফ হুইপ



চিফ হুইপ নুরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

২০২৭ সালের অক্টোবরের মধ্যে দেশে উৎপাদিত বিদ্যুৎ বিক্রির জায়গা পাওয়া যাবে না বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের সরকারদলীয় চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য নুরুল ইসলাম মনি।

রোববার (১৮ অক্টোবর) বরগুনার বেতাগী উপজেলা পরিষদের সম্মেলনকক্ষে উল্লয়ন ও আইনশৃঙ্খলা সভায় তিনি এ কথা বলেন।

চিফ হুইপ জানান, সৌরবিদ্যুৎ স্থাপনে তিন বছরের খাজনা মওকুফ এবং আগামী ফেব্রুয়ারির মধ্যে আমদানি করলে কর ছাড়ের সুযোগ থাকবে। বাড়তি সৌরবিদ্যুৎ সরকার কিনে নেবে বলেও জানান তিনি।

আগের সরকারের সমালোচনা করে নুরুল ইসলাম মনি অভিযোগ করেন, শেখ হাসিনার আমলে নির্মিত কয়েকটি বিদ্যুৎকেন্দ্রে প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। অর্থ আত্মসাতের উদ্দেশ্যে এসব কেন্দ্র নির্মাণ করা হয়েছিল বলেও দাবি করেন তিনি। তাঁর ভাষ্য, বর্তমান সরকার শাস্রয় হওয়া অর্থ বিদ্যুৎ উৎপাদনে ব্যয় করবে।

সাম্প্রদায়িক সম্প্রীতি প্রসঙ্গে তিনি বলেন, বাংলাদেশে সবাই সমান অধিকারসম্পন্ন নাগরিক। দুর্গাপূজায় কেউ বাধা সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারিও দেন তিনি। পাশাপাশি শিশুদের সামাজিক যোগাযোগমাধ্যমের ক্ষতিকর কনটেন্ট থেকে দূরে রাখতে অভিভাবকদের সতর্ক থাকার আহ্বান জানান।

সভা শেষে বেতাগীর ৩৭টি অসহায় পরিবারকে ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেন চিফ হুইপ। দুর্গাপূজা উপলক্ষে উপজেলার পূজামণ্ডপগুলোতেও নগদ অর্থ ও জিআর চাল বিতরণ করেন তিনি।